# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯০

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২২. উপরের হাত (দাতার হাত)-এর মর্যাদা সম্পর্কে

بَاب فِي فَضْلِ الْيَدِ الْعُلْيَا

## আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ سَمِعْتُ مُوسَى بْنَ طَلْحَةَ يَذْكُرُ عَنْ حَكِيمِ بْنِ حِزَامٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَيْرُ الصَّدَقَةِ عَنْ ظَهْرِ غِنًى وَالْيَدُ الْعُلْيَا خَيْرٌ مِنْ الْيَدِ السُّفْلَى وَابْدَأْ بِمَنْ تَعُولُ

## বাংলা

১৬৯০. হাকিম ইবনু হিযাম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “সচ্ছল অবস্থায় যে দান করা হয়, সেটিই সর্বোত্তম দান। আর উপরের হাত (দাতা) নিচের হাত (গ্রহীতা) হতে উত্তম। আর তোমরা যাদের ভরণ-পোষণ করো, প্রথমে তাদেরকে দান করার মাধ্যমেই (দান) শুরু করবে।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বাইহাকী, যাকাত ৪/১৮০। ((বুখারী, যাকাত ১৪২৭; মুসলিম, যাকাত ১০৩৪; নাসাঈ, যাকাত ৫/৬৯; আহমাদ ৩/৪০২-৪০৩- ফাওয়ায আহমেদের দারেমী হা/১৬৫৩ নং হাদীসের টীকা হতে। -অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন